## ৫০ টাকা মূল্যমান ব্যাংক নোটের ডিজাইন ও নিরাপত্তা বৈশিষ্ট্য




*নোটের সম্মুখভাগ*




*নোটের পেছনভাগ*

১. গভর্নর ড. আহসান এইচ মনসুর স্বাক্ষরিত এ নোটের আকার নির্ধারিত হয়েছে ১৩০ মি.মি. × ৬০ মি.মি.। নোটটিতে মোট ৮ ধরণের নিরাপত্তা বৈশিষ্ট্য সংযোজন করা হয়েছে।

২. নোটটি ১০০% কটন কাগজে মুদ্রিত।

৩. নোটে জলছাপ হিসেবে রয়েল বেঙ্গল টাইগার এর মুখ; এর নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 50 ও বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম মুদ্রিত রয়েছে।

৪. নোটটিতে গাঢ় বাদামী রঙের আধিক্য রয়েছে।

৫. নোটটির সম্মুখভাগের বামপাশে আহসান মঞ্জিল, ঢাকা এর ছবি এবং মাঝখানের ব্যাকগ্রাউন্ডে পাতা ও কলিসহ প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা'র ছবি মুদ্রিত রয়েছে।

৬. নোটের পেছনভাগে জলছাপ এলাকার ডানপাশে শিল্পাচার্য জয়নুল আবেদিন এর বিখ্যাত চিত্রকর্ম 'সংগ্রাম' মুদ্রিত রয়েছে।

৭. নোটের সামনের দিকে সম্মুখভাগের আহসান মঞ্জিল এর ছবি, 'বাংলাদেশ ব্যাংক', 'প্রতিশ্রুত বাক্য' (Guarantee clause), বাংলা ও ইংরেজিতে মূল্যমান, নোটের ডানদিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৬টি লাইন ইত্যাদি ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত; যা হাতের স্পর্শে সহজেই অনুভব করা যাবে।

৮. নোটের ডানে নীচের দিকে দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ২টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে অসমতল অনুভূত হবে।

৯. নোটটির সম্মুখভাগে বামপাশে ২ মি.মি. চওড়া নিরাপত্তা সুতা সংযোজন করা হয়েছে যাতে '৳৫০ পঞ্চাশ টাকা' খচিত রয়েছে। নোটটি নাড়াচাড়া (Tilt) করলে নিরাপত্তা সুতার রং লাল হতে সবুজ রংয়ে পরিবর্তিত হয়।

১০. নোটের সম্মুখভাগে আহসান মঞ্জিল, ঢাকা-লেখাটির উভয়পাশে Microprint হিসেবে 'BANGLADESH BANK' এবং পেছনভাগের বামদিকের উপরে '৫০' ও নিচে '50' লেখার ব্যাকগ্রাউন্ডে Microprint হিসেবে যথাক্রমে '50 TAKA' এবং 'BANGLADESH BANK' মুদ্রিত রয়েছে যা শুধু Magnifying Glass দ্বারা দেখা যাবে ।

১১. নোটটিতে গভর্নর স্বাক্ষরের ডানপাশে See-Through image হিসেবে একটি প্যাটার্ন মুদ্রিত রয়েছে; যা আলোর বিপরীতে ধরলে '৫০' লেখা দৃশ্যমান হবে।

১২. নোটের সম্মুখভাগে নীচের দিকের বর্ডারের মাঝখানে কালো অংশে গুপ্তভাবে '50' লেখা আছে। যা নোটটি আনুভূমিকভাবে ধরলে দেখা যাবে।